# সাধারণ নির্বাচন 2026 মধ্যবর্তী পর্ব: প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী
# নির্বাচনের দিন 3 নভেম্বর, 2026

## গুরুত্বপূর্ণ তারিখ ও সময়সীমা:

**ভোটার নিবন্ধনের শেষ তারিখ** (ডাকযোগে বা অনলাইনে):
- 13 অক্টোবর, 2026: ফর্মটি অবশ্যই এই তারিখের মধ্যে ডাকযোগে পাঠাতে হবে।

**ডাকযোগে ভোটের আবেদনের শেষ তারিখ** (ডাকযোগে বা অনলাইনে):
- 27 অক্টোবর, 2026: ফর্মটি অবশ্যই এই তারিখের মধ্যে কাউন্টি ক্লার্কের কাছে পৌঁছাতে হবে।

**সশরীরে আগাম ভোটদানের সময়কাল**:
- 24 অক্টোবর – 1 নভেম্বর, 2026
- সপ্তাহের দিনগুলোতে এবং শনিবারে 10 am – 8 pm পর্যন্ত এবং রবিবারে 10 am – 6 pm পর্যন্ত ভোটকেন্দ্র খোলা থাকবে।

**ডাকযোগে ভোটের আবেদনের শেষ তারিখ** (সশরীরে):
- 2 নভেম্বর, 2026: আবেদনপত্র 3 pm এর মধ্যে আপনার কাউন্টি ক্লার্কের অফিসে জমা দিতে হবে ।

**সাধারণ নির্বাচনের তারিখ**:
- 3 নভেম্বর, 2026: 6 am – 8 pm পর্যন্ত ভোটকেন্দ্র খোলা থাকবে।

## আমি কি ভোট দেওয়ার যোগ্য?
নিউ জার্সিতে (NJ) ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে হলে আপনাকে অবশ্যই: মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে; অন্তত 17 বছর বয়সী হতে হবে (এবং এটি বুঝতে হবে যে 18 বছর বয়স পূর্ণ না হওয়া পর্যন্ত আপনি সাধারণ নির্বাচনে ভোট দিতে পারবেন না); নির্বাচনের আগে 30 দিন ধরে সংশ্লিষ্ট কাউন্টির বাসিন্দা হতে হবে; এবং গুরুতর অপরাধের দায়ে বর্তমানে কারাদণ্ড ভোগরত অবস্থায় থাকা যাবে না। আপনি প্যারোল বা প্রবেশনে থাকলেও ভোটার হিসেবে নিবন্ধন করতে পারেন। নভেম্বর মাসের সাধারণ নির্বাচনের জন্য ভোটার নিবন্ধনের শেষ তারিখ হলো 13 অক্টোবর, 2026 ।

## আমি কি ভোটার হিসেবে নিবন্ধিত?
আপনার নিবন্ধনটি আপডেট কি না সে বিষয়ে যদি আপনি নিশ্চিত না হন, অথবা নাম পরিবর্তন, বাসস্থান পরিবর্তন কিংবা কারাদণ্ড ভোগের মেয়াদ শেষ হওয়ার কারণে যদি পুনরায় নিবন্ধনের প্রয়োজন হয়, তবে এই পৃষ্ঠায় থাকা QR কোডটি স্ক্যান করুন অথবা lwvnj.org/vote ওয়েবসাইটটি ভিজিট করুন।

## প্রয়োজনীয় তথ্য ও সহায়তা পাওয়া যাবে lwvnj.org/vote-এ
- ভোটার হিসেবে নিবন্ধন বা ভোটারের বর্তমান স্ট্যাটাস যাচাই করা
- ডাকযোগে ভোটের আবেদন ও এই সংক্রান্ত তথ্য
- New Jersey রাজ্যের ভোটার তথ্য পোর্টালের লিঙ্ক
- Vote411 এ প্রার্থীর তথ্য

## ভোট দেওয়ার উপায়গুলো কী কী?
**ভোট দেওয়ার 3 টি উপায়** আছে:
1. **সশরীরে আগাম ভোটদান:** 2026 সালের 24 অক্টোবর থেকে 1 নভেম্বরের মধ্যে আপনার কাউন্টির কোনো আগাম ভোটদান কেন্দ্রে গিয়ে ভোটিং মেশিন ব্যবহার করে ভোট দিন ।
2. **ডাকযোগে ভোট:** ডাকযোগে ভোট অংশে উল্লেখিত তিনটি উপায়ের যেকোনো একটির মাধ্যমে আপনার ব্যালট ফেরত দিন।
3. **নির্বাচনের দিনে সশরীরে:** ভোটকেন্দ্র খোলা আছে 3 নভেম্বর, 2026 এর 6 am – 8 pm পর্যন্ত।

## সশরীরে আগাম ভোটদান বলতে কী বোঝায়?
New Jersey-র ভোটাররা নির্দিষ্ট কিছু আগাম ভোটকেন্দ্রে ভোটিং মেশিনের মাধ্যমে আগাম ভোট দিতে পারেন। আগাম ভোটদানের সময় সপ্তাহের দিনগুলোতে এবং শনিবারে 10 am – 8 pm পর্যন্ত এবং রবিবারে সকাল 10 am – 6 pm পর্যন্ত ভোটকেন্দ্র খোলা থাকে। আগাম ভোটকেন্দ্রগুলোর তথ্যের জন্য আপনার কাউন্টির অফিসে যোগাযোগ করুন অথবা lwvnj.org/vote ভিজিট করুন।

## আমার ভোটকেন্দ্র কোথায়?
আপনি আপনার কাউন্টির যেকোনো একটি আগাম ভোটকেন্দ্রে সশরীরে গিয়ে আগাম ভোট দিতে পারেন, অথবা নির্বাচনের দিন আপনার নির্দিষ্ট করা ভোটকেন্দ্রে ভোট দিতে পারেন। আপনার ভোটকেন্দ্রটি খুঁজে নিন এখানে Vote411.org অথবা lwvnj.org/vote ।

## আমি কীভাবে ডাকযোগে ভোট দিতে পারি?
New Jersey-তে, যেকোনো যোগ্য নিবন্ধিত ভোটার আবেদন করার পর ডাকযোগে ভোট দিতে পারেন। আপনার ঠিকানায় ডাকযোগে ব্যালট পাওয়ার জন্য অনলাইনে আবেদন করুন অথবা ডাকযোগে আবেদনপত্র পাঠান, যা 27 অক্টোবর, 2026 এর মধ্যে আপনার কাউন্টি ক্লার্কের কাছে পৌঁছাতে হবে। এ ছাড়া ভোটাররা 2 নভেম্বর, 2026 এর 3 pm পর্যন্ত কাউন্টি ক্লার্কের অফিসে সরাসরি গিয়েও আবেদন করতে পারবেন।

## আমি ডাকযোগে কীভাবে আমার ভোট দেওয়ার ব্যালটটি ফেরত পাঠাব?

আপনার ব্যালটটি এই তিনটি উপায়ের যেকোনো একটির মাধ্যমে ফেরত দিন:

- নির্বাচনের দিন ভোটগ্রহণ শেষ হওয়ার আগে আপনার কাউন্টির একটি নিরাপদ ব্যালট ড্রপ বক্সে আপনার ব্যালটটি জমা দিন।
- নির্বাচনের দিন ভোটগ্রহণ শেষ হওয়ার আগে আপনার ব্যালটটি সশরীরে আপনার কাউন্টি নির্বাচন বোর্ডে নিয়ে যান।
- *ডাকযোগে ব্যালট ফেরত দেওয়া – সাম্প্রতিক নিয়মে পরিবর্তন*
  ডাকযোগে পাঠানো ব্যালট অবশ্যই নির্বাচনের দিনের মধ্যে **ডাকচিহ্নিত** হতে হবে। সাম্প্রতিক নিয়ম পরিবর্তনের কারণে, USPS এখন ডাকঘর থেকে চিঠি গ্রহণ করার সময়টিকে নয়, বরং ডাকঘরে চিঠি *প্রসেস* করার সময়টিকে ডাকচিহ্নিত হিসেবে বিবেচনা করে। **এই পরিবর্তনের পরিপ্রেক্ষিতে, আপনার পূরণ করা ব্যালটটি উপরের প্রথম দুটি পদ্ধতির যেকোনো একটি ব্যবহার করে ফেরত দেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।** আপনি যদি ডাকযোগে আপনার ব্যালট ফেরত পাঠানোর পরিকল্পনা করেন, তবে নির্বাচনের অন্তত কয়েক দিন আগে ডাকযোগে সেটি পাঠিয়ে দিন।

## আমার ডাকযোগে পাঠানো ব্যালটটি গৃহীত ও গণনা করা হয়েছে কিনা, তা আমি কীভাবে জানব?

আপনার ডাকযোগে পাঠানো ব্যালটটি ট্র্যাক করতে Vote.NJ.Gov ওয়েবসাইটে যান, "আমার ব্যালট ট্র্যাক করুন" অপশনটি বেছে নিন এবং আপনার মাই ভোটার রেকর্ড অ্যাকাউন্টে লগইন করুন। আপনার যদি আগে থেকে কোনো অ্যাকাউন্ট না থাকে, তবে আপনার ভোটার আইডি খুঁজে বের করার নির্দেশাবলী অনুসরণ করে আপনি একটি অ্যাকাউন্ট তৈরি করতে পারেন।

## আমার ডাকযোগে পাঠানো ব্যালট সাময়িকভাবে বাতিল হলে কী হবে?

বিভিন্ন কারণে ব্যালট বাতিল হতে পারে। যদি সংশোধনযোগ্য কোনো ত্রুটির কারণে আপনার ব্যালট বাতিল হয়ে যায়, তাহলে আপনি আপনার কাউন্টি নির্বাচন বোর্ড থেকে একটি "সংশোধন পত্র" পাবেন, যার সাথে একটি সংশোধন ফর্ম সংযুক্ত থাকবে। এই ফর্মটি পূরণ করার মাধ্যমে, আপনি ঘোষণা করবেন যে এটি আপনার ব্যালট ছিল এবং তথ্য প্রদানের মাধ্যমে আপনার পরিচয় যাচাই করতে হবে। আপনি এই ফর্মটি আপনার কাউন্টি নির্বাচন বোর্ডের অফিসে সশরীরে জমা দিতে পারেন, অথবা ডাক, ইমেল বা ফ্যাক্সের মাধ্যমে ফেরত পাঠাতে পারেন। ফর্মটি পাওয়া মাত্রই পূরণ করুন। কাউন্টি নির্বাচন বোর্ডের কাছে আপনার ব্যালট সংশোধন ফর্ম পৌঁছানোর সময়সীমা হলো নির্বাচনের ফলাফল আনুষ্ঠানিকভাবে প্রত্যয়ন করার 48 ঘণ্টা আগে।

## আমি প্রার্থীদের সম্পর্কে কীভাবে জানতে পারি?

প্রার্থীদের সম্পর্কে এবং গুরুত্বপূর্ণ বিষয়ে তাদের অবস্থান কী তা জানতে প্রার্থী ফোরামগুলো অত্যন্ত কার্যকর মাধ্যম। প্রার্থীরা স্থানীয় সংবাদমাধ্যম, সামাজিক যোগাযোগ মাধ্যম, স্থানীয় জনসভা এবং প্রচারপত্রের মাধ্যমেও তাদের মতামত প্রকাশ করতে পারেন। এছাড়া Vote411.org ওয়েবসাইটে ভিজিট করেও আপনি ফেডারেল, রাজ্য এবং স্থানীয় পদের প্রার্থীদের সম্পর্কে জানতে পারবেন।

## কীভাবে একজন ভোটকর্মী হওয়া যায়?

প্রতিটি নির্বাচনে ভোটকর্মীরা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। আগাম ভোটদানের সময় এবং নির্বাচনের দিন সশরীরে ভোটদান প্রক্রিয়া পরিচালনা করার জন্য নিউ জার্সির (NJ) লোক প্রয়োজন। এটি একটি বেতনভুক্ত পদ এবং প্রশিক্ষণের ব্যবস্থা আছে। PollWorker.NJ.Gov ওয়েবসাইটে গিয়ে আবেদন করুন।

## এই নির্বাচনে কার/কোন বিষয়ের ওপর ভোট নেওয়া হচ্ছে?

মধ্যবর্তী নির্বাচন হলো এমন সব ফেডারেল সাধারণ নির্বাচন, যা একজন রাষ্ট্রপতির চার বছরের মেয়াদের ঠিক মাঝপথে অনুষ্ঠিত হয়। মধ্যবর্তী নির্বাচনের বছরে ভোটাররা মার্কিন প্রতিনিধি পরিষদের 435 জন সদস্যকেই নির্বাচিত করেন, যরাা দুই বছরের মেয়াদে দায়িত্ব পালন করেন; পাশাপাশি তারা মার্কিন সিনেটের প্রায় এক-তৃতীয়াংশ সদস্যকেও নির্বাচিত করেন, যাদের ছয় বছরের মেয়াদ পর্যায়ক্রমে সম্পন্ন হয়। অন্যান্য স্টেটের তুলনায়, নিউ জার্সিতে গভর্নর নির্বাচন বিজোড় সংখ্যার বছরে অনুষ্ঠিত হয় তাই, স্টেটের গভর্নর ও আইনসভার নির্বাচন ফেডারেল মধ্যবর্তী নির্বাচনের সময়সূচির সঙ্গে এক নয়। এছাড়া ব্যালট প্রস্তাব বা মেজার্সের পাশাপাশি বিভিন্ন স্থানীয় পদ যেমন মিউনিসিপাল, কাউন্টি এবং স্কুল বোর্ডের নির্বাচনও হতে পারে। আপনার ব্যালটে নির্দিষ্টভাবে কী কী থাকছে তা দেখতে Vote411.org চেক করুন ।

## ভোটার হওয়া কেন গুরুত্বপূর্ণ?

কংগ্রেস NJ-র জন্য বরাদ্দকৃত ফেডারেল তহবিলের বিষয়টি নিয়ন্ত্রণ করে, যা স্থানীয় পরিকাঠামো এবং স্কুল-সংক্রান্ত অর্থায়নের মতো বিষয়গুলোর ওপর সরাসরি প্রভাব ফেলে। এছাড়া কংগ্রেস এমন সব আইন প্রণয়ন করে যা আপনার দৈনন্দিন জীবনকে প্রভাবিত করে; তারা বিচারকদের নিয়োগ অনুমোদন করে এবং কর কাঠামো নির্ধারণ করে যা আপনার আয়ের ওপর প্রভাব ফেলে। আপনার ব্যক্তিগত ভোটের প্রকৃত গুরুত্ব রয়েছে। আপনি যখন ভোট দেন, তখন তা ভোটার উপস্থিতি বাড়াতে সাহায্য করে। ভোটার উপস্থিতি বেশি থাকার অর্থ হলো অল্প কিছু মানুষের হাতে সিদ্ধান্তের ভার ছেড়ে দিচ্ছেন না। ভোটার হওয়া মানে আপনার কণ্ঠস্বর যোগ করা এবং এমন নির্বাচিত জনপ্রতিনিধিদের পক্ষে ভোট দেওয়া, যাদের আপনি আপনার কাছে গুরুত্বপূর্ণ বিষয়গুলোর প্রতিনিধিত্ব করার জন্য সবচেয়ে উপযুক্ত বলে মনে করেন।

## অন্য কোনো প্রশ্ন আছে?

League of Women Voters of New Jersey-কে ইমেইল করুন
contact@lwvnj.org

LWV LEAGUE OF WOMEN VOTERS® OF NEW JERSEY

*এই প্রকল্পটি নিউ জার্সি স্টেট বার ফাউন্ডেশনের যৌথ পৃষ্ঠপোষকতায় পরিচালিত হচ্ছে এবং বার অফ নিউ জার্সির IOLTA তহবিলের অর্থায়নে বাস্তবায়িত হয়েছে। ফাউন্ডেশনের অন্যান্য আইন-সম্পর্কিত কার্যক্রম সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য njsbf.org পরিদর্শন করুন।*